গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.২৮১

তারিখ: ৮ কার্তিক ১৪২৮
২৪ অক্টোবর ২০২১

বিষয়: **ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়ার দাবী সংক্রান্ত।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.২৬৮ তারিখ- ১৩ অক্টোবর ২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়ার দাবী সংক্রান্তরিট পিটিশনসমূহ ১৩২০/২০১৭, ৬৪৫১/২০১৭, ৭০৪৮/২০১৭, ৯৫০৩/২০১৭, ৯৭৫২/২০১৭, ৯৭৫৫/২০১৭, ১৫৪৪৭/২০১৭, ১৫৫৪৫/২০১৭, ১৫৬৪২/২০১৭, ১০০৯০/২০১৮, ১০০৯১/২০১৮, ১০০৯২/২০১৮, ১৩২৫৫/২০১৮, ২৪১৭/২০১৭ দৈনিক কার্য তালিকায় আসছে। মামলাসমূহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিজ্ঞ ডেপুটি এ্যাটর্ণী জেনারেল অনুরোধ করেছেন।

মামলাসমূহের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইন শাখার সাথে কথা বলে জানা যায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বেসরকারি প্যানেল এডভোকেট না থাকায় এ্যাটর্ণী জেনারেল অফিসের মাধ্যমে মামলাসমূহ পরিচালিত হচ্ছে। অনেকগুলো মামলার এফিডিভিট করাও হয়েছে। মামলাগুলো 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা' (৪ ফেব্রুয়ারি, ২০১০-এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) সংক্রান্ত হওয়ায় এবং মামলাসমূহ একই বিষয়ের হওয়ায় যে কোন ০২(দুই)টি মামলা বেসরকারি প্যানেল এডভোকেট-এর মাধ্যমে পরিচালনা করা হলে মামলাসমূহ সরকার পক্ষে রায় পাওয়া যেতে পারে মর্মে বিজ্ঞ ডেপুটি এ্যাটর্ণী জেনারেল জানিয়েছেন।

'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা' (৪ ফেব্রুয়ারি, ২০১০-এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) সংক্রান্ত হওয়ায় রিট পিটিশন মামলা নং- ১৩২০/২০১৭ পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছিল। কিন্তু মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইন কর্মকর্তা জানিয়েছেন যে, রিট পিটিশন মামলা নং- ১৩২০/২০১৭ মামলাটি মাদ্রাসা সংক্রান্ত।

এমতাবস্থায়, যেহেতু রিট পিটিশন মামলা নং- ১৩২০/২০১৭ মামলাটি মাদ্রাসা সংক্রান্ত সেহেতু রিট পিটিশন মামলা নং- ১৩২০/২০১৭ পরিবর্তে ১৫৪৪৭/২০১৭ মামলাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-১০-২০২১
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব


জনাব শেখ রিয়াজুল হক
বিজ্ঞ আইনজীবী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ৩,
সেগুনবাগিচা, সাজান টাওয়ার-২, ফ্লাট-৩/সি, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.২৮১/১

তারিখ: ৮ কার্তিক ১৪২৮
২৪ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-১০-২০২১
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব